Posted on 8th & 9th December, 2018 from New Delhi PSO
Date of Publishing 6th January, 2019
Total pages 8
RNI NO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

অ্যাসোসিয়েশন সংবাদ-২০১৯

ASSOCIATION SAMBAD

January - 2019 *Volume 18 No.8*

Price Rupee One

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

বেঙ্গল অ্যাসোসিয়েশন
দিল্লির পক্ষ থেকে
ইংরেজী নববর্ষের
আন্তরিক শুভেচ্ছা ও
অভিনন্দন।
নতুন বছর ভরে উঠুক
খুশী আর সাফল্যে।

সুস্থ থাকুন, ভালো থাকুন

স্বাগতম
২০১৯

সম্পাদকের ডেস্ক থেকে

এসে গেল আরো একটি বছর। জীবন পেরিয়ে গেল বয়সের আরো একটি চৌকাঠ। বিগত বছরের সুখ, দুঃখ, আনন্দ, উৎসবকে সঙ্গে নিয়ে বেঙ্গল অ্যাসোসিয়েশন আপনার পাশে সর্বদা একনিষ্ঠ সাথী। একটাই স্বপ্ন - বাংলা ভাষা সংস্কৃতির প্রচার ও প্রসার আর সেই স্বপ্ন পুরণের অঙ্গীকারকে সঙ্গে নিয়ে নতুন বছরের শপথ গ্রহণ।

বর্তমান দিল্লিতে মোট আটটি বিদ্যালয় ও ছ'টি মহাবিদ্যালয় এবং দিল্লি বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষার চর্চা অব্যাহত রয়েছে। আমরা জানি নানান ধরণের পারিপার্শ্বিক চাপে বাংলা আজ কোণঠাসা। তবু আমাদের হাল ছেড়ে দিলে চলবে না। বাংলা ভাষা স্বযত্নে শিখলে আজও কিন্তু ভবিষ্যত কর্মসূচিতে বাংলা নিয়ে বহু কিছু করা যেতে পারে। শুধুমাত্র শিক্ষকতা নয়, সেই সঙ্গে রয়েছে বহু ধরণের কাজ। যেমন বাংলাকে ইউ.পি.এস.সি. পরীক্ষার একটি বিষয় হিসাবে নেওয়া যায়, বাংলা ভাষায় অনুবাদক হিসাবে কাজ করা যায়, বাংলায় সাংবাদিকতার পথেও অগ্রসর হওয়া যায়, বাংলা ভাষা ও ইংরাজী এবং অন্যান্য ভাষা সম্পর্কে সমক্য জ্ঞান থাকলে পার্লামেন্টে ইন্টারপ্রেটারের কাজেও নিযুক্ত হওয়ার সম্ভাবনা থাকে, প্রভৃতি।

কাজেই বাংলা পড়ে 'কিছুই হবে না' এই ধারণার বশবর্তী হয়ে আমরা যদি আগামী প্রজন্মকে আরো বেশী বাংলার বিমুখ করে তুলি তাহলে মাতৃভাষার দৈন্যদশার দায়িত্বভার কিন্তু আমাদেরই বহন করতে হবে। তাই এগিয়ে আসুন, আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে বাংলা পড়ার ও পড়ানোর সুযোগ করে দিন যাতে আগামী প্রজন্ম বাংলাকে বহন না করে বাহন করে চলতে পারে। বেঙ্গল অ্যাসোসিয়েশনের কর্মধারার এটি একটি অন্যতম পদক্ষেপ।

নিজের মাতৃভাষাকে বিস্মৃত হওয়ার অর্থ আত্মবিস্মৃতি, তাই চলুন আমরা যার যতটুকু করণীয় ততটুকু অন্তত নিজের ভাষার প্রতি ভালোবাসা রেখে করি। এ দায় আপনার আমার সকলের। তাই আসুন, সমবেতভাবে বেঙ্গল অ্যাসোসিয়েশনের কর্মপদ্ধতিতে আপনার সুচিন্তিত মতামতে ঋদ্ধ হয়ে বাংলা ভাষা ও সংস্কৃতি এবং তার অগ্রগতি ছড়িয়ে পড়ুক আগামী প্রজন্মের চেতনায়।

অ্যাসোসিয়েশন সংবাদ

অষ্টাদশ বইমেলা ও সাহিত্য উৎসব আগামী ১৭ই এপ্রিল থেকে ২১শে এপ্রিল ২০১৯ (বুধবার থেকে রবিবার পর্যন্ত) অনুষ্ঠিত হবে। বিগত বৎসরগুলিতে আমাদের মেলার সময় দিল্লির বিদ্যালয়গুলির বাৎসরিক পরীক্ষা চলায় ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকগণ এবং শুভানুধ্যায়ীদের আমাদের বইমেলার সময় বদল করবার জন্য অনুরোধে এবং ক্রমাগত বইয়ের স্টলসংখ্যা বৃদ্ধির কারণে আমরা এবারের বইমেলার স্থান ও সময় পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছি। এবারের বইমেলা নিউদিল্লি কালীবাড়ির পরিবর্তে গোলমার্কেট নিকটস্থ গৃহকল্যাণ কেন্দ্র, পেশোয়া রোডে অনুষ্ঠিত হবে।

শোক সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্যা অনীতা দাশগুপ্ত হৃদরোগে আক্রান্ত হয়ে গত ৭ই জানুয়ারি ২০১৯ পরলোক গমন করেন। তাঁর আত্মার শান্তি কামনা করি।

সাহিত্য সভা

বেঙ্গল অ্যাসোসিয়েশন ও দিগঙ্গন সাহিত্যপত্রিকার যৌথ উদ্যোগে প্রতি মাসে একটি করে সাহিত্য আসরের আয়োজন করা হয়। আমাদের উদ্দেশ্যই হল দিল্লির বাংলা সাহিত্য চর্চাকারীদের মধ্যে প্রকৃত সাহিত্য চর্চায় উৎসাহ দান এবং নতুন সাহিত্যিকের সঙ্গে পরিচয় করা ও তাদের রচনার প্রকাশ ঘটানো। সেই উপলক্ষে আগামী ২০শে জানুয়ারী ২০১৯ রবিবার, বিকেল চারটেয় মুক্তধারায় সাহিত্য আসরে সকল সাহিত্যপ্রেমীকে স্বাগত জানাই।

এ মাসের সিনেমা

বেঙ্গল অ্যাসোসিয়েশনের পরিবেশনায় প্রতিমাসে সিনেমা দেখানোর আয়োজন করা হয়। গত মাসে মেঘনাদ বধ রহস্য সিনেমাটি প্রদর্শন করার কথা ছিল। কিন্তু প্রবাদপ্রতিম পরিচালক মৃণাল সেনের আকস্মিক প্রয়াণে ওঁর সম্মানার্থে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ছায়াছবি ‘একদিন প্রতিদিন’ প্রদর্শন করা হয়।

এ মাসের সিনেমা - মেঘনাদ বধ রহস্য। ২৭শে জানুয়ারী, ২০১৯ রবিবার সন্ধ্যা সাড়ে ছটা সুধীজন স্বাগত।

সঞ্জীব চট্টোপাধ্যায় পেলেন সাহিত্য একাদেমি পুরস্কার ঃ

২০১৮য় প্রখ্যাত সাহিত্যিক সঞ্জীব চট্টোপাধ্যায় ‘শ্রীকৃষ্ণের শেষ কটা দিন’ উপন্যাসের জন্য সাহিত্য একাদেমি পুরস্কারে ভূষিত হলেন। আমরা গর্বিত।

দিল্লির বঙ্গ সংবাদ

দিল্লির বিশিষ্ট সাহিত্যিক ও সমাজসেবী স্বর্গীয় অমিতাভ চক্রবর্তীর স্মরণ সভা একটি ভাবগম্ভীর পরিবেশে অনুষ্ঠিত হল গত পঁচিশে ডিসেম্বর ২০১৮ মুক্তধারা প্রেক্ষাগৃহে।

দিল্লির প্রাচীনতম সংগঠন করোলবাগ বঙ্গীয় সংসদের হীরকজয়ন্তী উৎসবের শুভ উদ্বোধন সূচনা হয়ে গেল গত ২৮, ২৯ এবং ৩০শে ডিসেম্বর, ২০১৮ এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে। আমাদের অভিনন্দন। nv

বেঙ্গল অ্যাসোসিয়েশনের সৌজন্যে গ্রীনরুম থিয়েটার, অন্তরঙ্গ ও সৃজনী নাট্যগোষ্ঠীর পক্ষ থেকে তিনটি নাটক যথাক্রমে 'ডায়াল ডি ফর ডিফোর্স', 'আগন্তুক' এবং 'অতি দর্পে' অনুষ্ঠিত হল। আমাদের শুভেচ্ছা।

গত ৯ই ডিসেম্বর এবং ২৯শে ডিসেম্বর 'আমরা কজন' নাট্যগোষ্ঠী এবং শ্রী রবিশঙ্কর করের পরিচালনায় মঞ্চস্থ হয়ে গেল নাটক 'কর্ণাবতী'। আমাদের অভিনন্দন।

আগামী ১১-১৩ই জানুয়ারী চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ আয়োজিত ৪৫তম পৌষমেলা অনুষ্ঠিত হবে। সকলকে অংশগ্রহণ করার জন্য আহ্বান জানাই।

বঙ্গীয় সমিতি লক্ষ্মীনগর আয়োজিত বঙ্গ উৎসব - ২০১৯। আগামী ২৭শে, জানুয়ারী রবিবার ২০১৯ সকাল দশটায়। অঙ্কন, আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য প্রতিযোগিতা। স্থান - বিবেকানন্দ ভবন। নির্মাণ বিহার। সুধীজন স্বাগত।

অনুভব জাতীয় নাট্যোৎসব, কোচবিহার-এর বিশেষ আমন্ত্রণে আগামী ১২ই জানুয়ারী, ২০১৯. দিল্লির বিশিষ্ট নাট্যদল চেনামুখের - 'শেষ সংলাপ' মঞ্চস্থ হবে। আমাদের আগাম শুভেচ্ছা ও অভিনন্দন।

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্থায়ী সদস্য ও বিশিষ্ট নাট্যকর্মী ও পরিচালক, শ্রী রণদীপ মুখার্জী দিল্লির বিভিন্ন নাট্যগোষ্ঠীর সদস্য শিল্পীদের নিয়ে "ধাত্রী" নামে একটি চলচ্চিত্র পরিচালনা করেন। গত বছরের আটাশে অক্টোবরে ছবিটি দিল্লির "মুক্তধারা"তে প্রদর্শিত হবার পর, গত বাইশে ডিসেম্বর তারিখে কলকাতার "নন্দনে" পূর্ণ প্রেক্ষাগৃহে ছবিটি প্রদর্শিত হয়। ঐ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলকাতা পুরসভার প্রাক্তন মহানাগরিক শ্রী সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায় ও বিশিষ্ট অতিথি ছিলেন চিত্র সমালোচক শ্রী প্রদীপ্ত রায় এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে গবেষণার কাজে যুক্ত, বাংলাদেশের অনেক বিশিষ্ট শিল্পী। সামাজিক প্রেক্ষাপটের সমস্যা নিয়ে নির্মিত "ধাত্রী" ছবিটি সামগ্রিকভাবে প্রশংসিত হয়েছে।

শোক সংবাদ



ভারতীয় চলচিত্রের প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব মৃণাল সেনের প্রয়াণে (১৪ই মে, ১৯২৩-৩০শে ডিসেম্বর ২০১৮) আমরা মর্মাহত। দিল্লিতে বঙ্গ সংস্কৃতি ভবন নির্মাণকল্পে তৎকালীন এম পি কোটা থেকে পঞ্চাশ লক্ষ টাকা অনুদান আমরা কোনদিন ভুলতে পারবো না। ওঁর এই অবদান দিল্লির আপামর বঙ্গ সমাজে চিরস্মরণীয় হয়ে থাকবে। বেঙ্গল অ্যাসোসিয়েশন কর্মসমিতির পক্ষ থেকে ওঁর আত্মার শান্তি ও জানাই সশ্রদ্ধ প্রণাম।

২০১৮-র শেষে পর পর চলে গেলেন বাঙলার, বাঙালীর প্রিয় সাহিত্যিক, গায়ক, চিত্রপরিচালক, কবি। আমরা যেন একটু একটু করে অভিভাবক হারা হয়ে পড়ছি। প্রতিদিন সকাল ঘুম ভেঙ্গেই প্রার্থনা শুধুই একটা, আজ আর কোনো মৃত্যুসংবাদের আঘাত যেন না আসে। শুধু ২০১৮-র শেষে নয়, ২০১৯ নতুন বছরের শুরুর প্রায় প্রায় প্রতিটি দিনই মৃত্যুসংবাদ থেকে রেহাই পাচ্ছে না বাঙালী।

মহাকালের কোলে আশ্রয় পেলেন যে সমস্ত বিখ্যাত কবি, শিল্পী, সাহিত্যিক, চিত্রপরিচালক তাঁরা অমর হয়ে রইলেন তাঁদের সৃষ্টির মধ্যে দিয়ে। তাঁদের সারাজীবনের অপরিসীম পরিশ্রম, মনঃসংযোগ এবং আত্মনিবেদন আমাদের কাছে শিক্ষণীয় হয়ে রইলো।

আমাদের প্রণাম রইল ঃ

কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী

সঙ্গীত শিল্পী দ্বিজেন মুখোপাধ্যায়

সাহিত্যিক দিব্যেন্দু পালিত

কবি পিনাকী ঠাকুর প্রমুখের প্রতি

বেঙ্গল অ্যাসোসিয়েশন

আয়োজিত

অষ্টাদশ দিল্লি বইমেলা

১৭ - ২১ এপ্রিল, ২০১৯

স্থান ঃ গৃহকল্যাণ কেন্দ্র, পেশোয়া রোড

(গোলমার্কেটের নিকটে)

নিউ দিল্লি

বাংলার বাইরে বাংলা বইয়ের

সম্ভার নিয়ে আপনাদের অপেক্ষায়

মুক্তধারা পুস্তক বিপণী

দিল্লির একমাত্র বাংলা বইয়ের দোকান।

উৎসবে প্রতিযোগিতায় পুরস্কার স্বরূপ

বাংলা বই তুলে দিন প্রিয়জনদের হাতে।

মাতৃভাষাকে পৌঁছে দিন নতুন প্রজন্মের কাছে।

আসুন মুক্তধারা পুস্তক বিপণীতে।

ছোট বড় সবার প্রয়োজনের ও পছন্দের বইটি সংগ্রহ করে নিন

ঠিকানা

মুক্তধারা

ভাই বীর সিংহ মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি

বাঙালি খাবারের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান বিবাহ, অন্নপ্রাশন

ও যে কোন অনুষ্ঠানে যোগাযোগ করুন

Posted on 8^{h} & 9^{h} January, 2019 POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20
from New Delhi PSO RNI NO - DELBEN/2001/2869

ASSOCIATION SAMBAD
Date of Publishing 6^{th} January, 2019

বেঙ্গলি অ্যাসোসিয়েশন আয়োজিত এ মাসের সিনেমা



নির্দেশনা ঃ অনিক দত্ত অভিনয়ে ঃ সব্যসাচী চক্রবর্তী, আবীর চ্যাটার্জী, গার্গী রায়চৌধুরী

২৭শে জানুয়ারী, ২০১৯ রবিবার সন্ধ্যা সাড়ে ছয় টায়

মুক্তধারা অডিটোরিয়াম, ভাই বীরসিং মার্গ, গোলমার্কেট

শুধুমাত্র সদস্যদের জন্য

Editor, Printer and Publisher Shri Tapan Sengupta
Published on behalf of Bengal Association, New Delhi.
Printed at Pearl Printers, 52, DSIDC Shade, Okhla-I, New Delhi